সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫০২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫০৩]

পর্ব-১৬: গ্রহণ (সূর্য/চন্দ্র) (كتاب الكسوف)

পরিচ্ছেদঃ ২৪: গ্রহণকালীন সময়ে দু'আর নির্দেশ

باب الأَمْرِ بِالدُّعَاءِ فِي الْكُسُوفِ

আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ عَلِيٍّ، قال: حَدَّثَنَا يَزِيدُ وَهُوَ ابْنُ زُرَيْعٍ، قال: حَدَّثَنَا يُونُسُ، عَنِ الْحَسَنِ، عَنْ أَبِي بَكْرَةَ، قال: كُنَّا عِنْدَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَانْكَسَفَتِ الشَّمْسُ فَقَامَ إِلَى الْمَسْجِدِ يَجُرُّ رِدَاءَهُ مِنَ الْعَجَلَةِ، فَقَامَ إِلَيْهِ النَّاسُ فَصَلَّى رَكْعَتَيْنِ كَمَا يُصَلُّونَ فَلَمَّا انْجَلَتْ خَطَبَنَا، فَقَالَ: إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ آيَتَانِ مِنْ آيَاتِ اللَّهِ يُخَوِّفُ بِهِمَا عِبَادَهُ وَإِنَّهُمَا لَا يَنْكَسِفَانِ لِمَوْتِ أَحَدٍ، فَإِذَا رَأَيْتُمْ كُسُوفَ أَحَدِهِمَا فَصَلُّوا وَادْعُوا حَتَّى يَنْكَشِفَ مَا بِكُمْ .

تخريج دارالدعوه: انظر حديث رقم: ١٤٦٠ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1503 ـ صحيح

বাংলা

১৫০২. 'আমর ইবনু ‘আলী (রহ.) ..... আবূ বাকরাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা নবী (সা.) -এর কাছে ছিলাম ইত্যবসরে সূর্যগ্রহণ লাগল। তিনি তাড়াতাড়ি তার চাদর সামলাতে সামলাতে মসজিদের দিকে রওয়ানা হলেন, অন্যান্য মানুষজন তার সঙ্গে দাড়িয়ে গেল। এরপর তিনি দু' রাক'আত সালাত আদায় করলেন, যেমন অন্যরা পড়ে থাকে। যখন সূর্য আলোকিত হয়ে গেল তিনি আমাদের লক্ষ্য করে খুৎবা দিলেন এবং বললেন, চন্দ্র সূর্য আল্লাহর নিদর্শনসমূহের দু'টি নিদর্শন, তাদের দ্বারা আল্লাহ তাঁর বান্দাদেরকে ভয়প্রদর্শন করে থাকেন। আর তাদের গ্রহণ কারো মৃত্যুর কারণে হয় না। অতএব, তোমরা যখন তাদের কোনটির গ্রহণ দেখবে, তখন তোমাদের ওপর আপতিত বিপদ দূর না হওয়া পর্যন্ত সালাত আদায় করতে থাকবে এবং দু'আ করতে থাকবে।

English

The command to supplicated during an eclipse

It was narrated that Abu Bakrah said: We were with the Prophet (ﷺ) and the sun became eclipsed. He got up and went to the masjid, dragging his garment in haste. The people stood with him and he prayed two rak'ahs as they usually prayed. When the eclipse ended he addressed us and said 'The sun and the moon are two of the signs of Allah (SWT), with which He strikes fear into His slaves. They do not become eclipsed for the death or birth of anyone. If you see either of them being eclipsed, then pray and supplicate until it removed it from you.'

ফুটনোট

সহীহঃ বুখারী ১০৪০, সহীহ ইবনু খুযায়মাহ ৬৩৭৪। [দ্রঃ ১৪৫৯]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি বর্ণনাকারীঃ আবূ বাকরা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89998

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন